


# টাইমস হায়ার এডুকেশন সাবজেক্ট র্যাক্সিংয়ে দেশসেরা ৬ বিশ্ববিদ্যালয়

ইতেফাক ডিজিটাল ডেক্স  
প্রকাশ : ২৫ জানুয়ারি ২০২৫, ১৪:১৯

দৈনিক  
ইতেফাক



## টাইমস হায়ার এডুকেশন সাবজেক্ট র্যাক্সিংয়ে দেশসেরা ৬ বিশ্ববিদ্যালয়

টাইমস হায়ার এডুকেশন সাবজেক্ট র্যাক্সিংয়ে দেশসেরা ৬ বিশ্ববিদ্যালয়। ছবি: কোলাজ ইতেফাক

যুক্তরাজ্যভিত্তিক শিক্ষা সাময়িকী **টাইমস হায়ার এডুকেশন** (টিএইচই) সম্পত্তি ‘ওয়ার্ল্ড ইউনিভার্সিটি সাবজেক্ট র্যাক্সিং-২০২৫’ প্রকাশ করেছে। ১১টি বিষয়ভিত্তিক ক্যাটাগরিতে প্রকাশিত এ র্যাক্সিংয়ে বাংলাদেশের ৬টি বিশ্ববিদ্যালয় স্থান পেয়েছে। এর মধ্যে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) এবং ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি দুটি ক্যাটাগরিতে দেশসেরা হিসেবে জাইগা করে নিয়েছে।

দৈনিক ইতেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

এই র্যাক্সিংয়ে বিভিন্ন বিষয়ের ভিত্তিতে দেশের শীর্ষ ৬টি বিশ্ববিদ্যালয় হলো-

- বিজনেস অ্যাভ ইকোনমিকস: নর্থ সাউথ ইউনিভার্সিটি
- কম্পিউটার সায়েন্স: জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
- এডুকেশন স্টাডিজ: ঢাকা বিশ্ববিদ্যালয়
- ইঞ্জিনিয়ারিং: বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)
- লাইফ সায়েন্স: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়
- মেডিকেল অ্যাভ হেলথ: ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি

বিজনেস অ্যান্ড ইকোনমিকস ক্যাটাগরিতে নর্থ সাউথ ইউনিভার্সিটি ৫০১-৬০০ র্যাঙ্কে এবং ঢাকা বিশ্ববিদ্যালয় ৬০১-৮০০ র্যাঙ্কে অবস্থান করছে।

কম্পিউটার সায়েন্স বিভাগে দেশের মধ্যে শীর্ষস্থানে রয়েছে জাহানীরনগর বিশ্ববিদ্যালয়, যা আন্তর্জাতিক পর্যায়ে ৪০১-৫০০তম স্থানে রয়েছে। বুয়েট একই বিভাগে ৬০১-৮০০ র্যাঙ্ক অর্জন করেছে।

এডুকেশন স্টাডিজ ক্যাটাগরিতে শুধুমাত্র ঢাকা বিশ্ববিদ্যালয় স্থান পেয়েছে, যা আন্তর্জাতিক পর্যায়ে ৪০১-৫০০তম অবস্থানে রয়েছে।

ইঞ্জিনিয়ারিং বিষয়ে বুয়েট দেশের শীর্ষে এবং আন্তর্জাতিকভাবে ৪০১-৫০০তম স্থানে রয়েছে, ড্যাফোডিল বিশ্ববিদ্যালয় ৬০১-৮০০তম স্থানে রয়েছে।

লাইফ সায়েন্স বিভাগে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় ৫০১-৬০০ র্যাঙ্কে এবং বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ৬০১-৮০০তম স্থানে রয়েছে।

মেডিকেল অ্যান্ড হেলথ ক্যাটাগরিতে শীর্ষস্থানে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, যা আন্তর্জাতিক পর্যায়ে ৩০১-৪০০তম স্থানে রয়েছে। এরপর নর্থ সাউথ ইউনিভার্সিটি ৪০১-৫০০তম র্যাঙ্ক অর্জন করেছে।

ফিজিক্যাল সায়েন্স বিষয়ে বুয়েট শীর্ষে রয়েছে এবং আন্তর্জাতিকভাবে ৬০১-৮০০তম স্থানে অবস্থান করছে। চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট), জাহানীরনগর বিশ্ববিদ্যালয়, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রবয়েট) এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ও একই অবস্থানে রয়েছে।

সোশ্যাল সায়েন্স ক্যাটাগরিতে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি দেশের সেরা এবং আন্তর্জাতিক পর্যায়ে ৪০১-৫০০তম র্যাঙ্কে রয়েছে।